গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**তুলা উন্নয়ন বোর্ডের ২০২৪-২৫ অর্থবছরের বিভাগীয় সমন্বয় সভা (১০ম) এর কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: ফখরে আলম ইবনে তাবিব<br>নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ২৪ এপ্রিল ২০২৫ খ্রিঃ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকায় |
| স্থান | প্রশিক্ষণ কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা এবং জুম প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বলেন যে, তুলা উন্নয়ন বোর্ড এর সকল কর্মকর্তা/কর্মচারীর দায়িত্ব তুলা উন্নয়ন বোর্ডকে এগিয়ে নিয়ে যাওয়া। পরবর্তীতে তিনি ফাহিনুর রহমান শাতিল, তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ডকে এজেন্ডা অনুযায়ী আলোচনা করার অনুরোধ করেন। উক্ত সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয় এবং তা বাস্তবায়নের জন্য নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচ্য বিষয়বস্তু</th><th>আলোচনা পূর্বক গৃহিত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td>বিভাগীয় সমন্বয় সভা কার্যবিবরনী নিশ্চিতকরণ</td><td>গত ২৫ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত বিভাগীয় সমন্বয় সভার কার্যবিবরনীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণ করা হয়।</td><td></td></tr>
<tr><td>২</td><td>ই-ফাইলিং ও তথ্য বাতায়ন</td><td>আলোচনা: তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের ও মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের ই-ফাইলিং ও তথ্য বাতায়ন হালনাগাদকরণের রিপোর্ট উপস্থাপন (বিস্তারিত প্রতিবেদন: সংযুক্তি ১) করা হয়।<br>মার্চ মাসে ই-ফাইলে নোট নিষ্পন্নের শতকরা হার ৯২.১৩%<br>সিডিবি’র ওয়েবসাইটে জানুয়ারি ২০২৫ থেকে মার্চ ২০২৫ মাসের তথ্য নিম্নরুপ হালনাগাদ করা হয়েছে।
<table>
<tr><td>জানুয়ারি</td><td>ফেব্রুয়ারি</td><td>মার্চ</td></tr>
<tr><td>২৯৩</td><td>২৫৫</td><td>৩০৬</td></tr>
</table>
সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে দাপ্তরিক কার্যক্রমের ন্যূন্যতম ৯৫% এর উপরে ডি নথির মাধ্যমে নিস্পত্তি করার জন্য সকলকে সচেতন হতে হবে এবং যথাসময়ে ই ফাইলিং কার্যক্রম-এর মাসিক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে। সেই সাথে নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করতে হবে।<br>সিদ্ধান্ত-ii: ই ফাইলিং ১০০% নিশ্চিত করার লক্ষ্যে হার্ড ফাইলে উপস্থাপিত পত্রসমূহ পুনরায় ই ফাইলিং করতে হবে।<br>সিদ্ধান্ত-iii: মাঠ পর্যায়ে প্রতিবেদন মাসের ৭ তারিখ এর মধ্যে প্রেরণের জন্য বলা হলো।<br>সিদ্ধান্ত- iv: ওয়েবসাইট বেইজড হাজিরা সিস্টেম চালু করার পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>সকল আঞ্চলিক ও জোনাল কার্যালয় এবং গবেষণা কেন্দ্র ও খামারসমূহের অফিস প্রধান, আইসিটি শাখা (স.দ.)</td></tr>
<tr><td>৩</td><td>শূণ্য পদ পূরণ</td><td>আলোচনা: সভায় প্রশাসন শাখার সকল কার্যক্রমসহ শূণ্য পদ পূরণ, শাখার দ্বায়িত্ববন্টন এবং বিভিন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।</td><td>প্রশাসন শাখা</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | | সিদ্ধান্ত-i: শূণ্য পদ পূরণ এর বিষয়ে এবং প্রেরিত প্রস্তাব বাস্তবায়নে নিয়মিত যোগাযোগ রেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ৪ | গবেষণা সংক্রান্ত: | সিদ্ধান্ত-i: Internal research review এর কর্মশালা আগামী ২৬ ও ২৭ শে এপ্রিল ২০২৫ খ্রিঃ তারিখে সুষ্ঠুভাবে আয়োজন করার জন্য অনুরোধ করা হলো। | গবেষণা শাখা |
| ৫ | প্রকল্প ও কর্মসূচী সংক্রান্ত: | আলোচনা: তুলা উন্নয়ন বোর্ড-এ চলমান প্রকল্প ও কর্মসূচী সমূহের কার্যক্রম এবং অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালকগণ নিজ নিজ তথ্য উপস্থাপন করেন। | |
| | | সিদ্ধান্ত-i:প্রকল্প ও কর্মসূচীর ক্রয় কার্যক্রম নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন এবং আর্থিক ও ভৌত অগ্রগতি ১০০ শতাংশ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রকল্প ও কর্মসূচী পরিচালক |
| ৬ | প্রণোদনা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রনোদনা সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মাঠ পর্যায়ের সকল কার্যালয় এবং ফোকাল পয়েন্ট |
| ৭ | অডিট আপত্তি সংক্রান্ত | সিদ্ধান্ত-i: সকল কার্যালয় ও প্রকল্প সমূহকে অডিট আপত্তি নিস্পত্তির জন্য দ্বি-পক্ষীয় ও ত্-পক্ষীয় সভার আয়োজন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অডিট কমিটি ও হিসাব শাখা |
| | | সিদ্ধান্ত-ii: অডিট অগ্রগতি নেই। ফোকাল পয়েন্টসহ সকলকে আগামী সভায় অডিট অগ্রগতি উপস্থাপন করার অনুরোধ করা হলো। | |
| ৮ | বাজেট ও হিসাব সংক্রান্ত | আলোচনা: রাজস্ব এবং প্রকল্প সমূহের বাজেট ও হিসাব বাস্তবায়ন এবং ত্রৈমাসিক ভিত্তিক বাজেট সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। | |
| | | সিদ্ধান্ত-i: প্রতিমাসে রাজস্ব এবং প্রকল্প সমূহের বাজেট ও হিসাব সম্পর্কিয় একটি (১টি) BIC সভা ও প্রতি ত্রৈমাসিকে একটি (১টি) BMC সভা আয়োজন করে বাজেট সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | বাজেট ও হিসাব শাখা |
| | | সিদ্ধান্ত-ii: মাঠ পর্যায়সহ সকলকে বাজেট বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। | বাজেট ও হিসাব শাখা |
| ৯ | প্রকিউরমেন্ট সংক্রান্ত | সিদ্ধান্ত- i: কার্যক্রম সূচারুভাবে দ্রুতসময়ে বিধি অনুযায়ী সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। | প্রকিউরমেন্ট শাখা |
| | | সিদ্ধান্ত- ii: পরিস্কার পরিচ্ছন্নতার নিমিত্তে সদর দপ্তরের নিলামযোগ্য পুরাতন মালামাল বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | |
| ১০ | প্রশিক্ষণ/ কর্মশালা সংক্রান্ত | সিদ্ধান্ত-i: প্রশিক্ষণ ও সেমিনার/ কর্মশালা যথাযথ সময়ে বাস্তবায়নের নিমিত্তে কর্মপরিকল্পনা মাফিক কাজ করতে হবে। | প্রশিক্ষণ শাখা |
| ১১ | মনিটরিং ও রিপোর্টিং সংক্রান্ত | সিদ্ধান্ত-i: মাঠ পর্যায়ে কার্যক্রমসমূহের অগ্রগতি মনিটরিং ও রিপোর্টিং সঠিকভাবে করে যথাসময়ে সদর দপ্তরে নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে। | মাঠ কার্যালয়সমূহ |
| ১২ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত | সিদ্ধান্ত-i: ২০২৪-২৫ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল/বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ও এসডিজি বাস্তাবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশণা পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। তবে সতর্কতাস্বরুপ ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সকল কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রান্তিক ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করে রাখা উত্তম। | পরিকল্পনা শাখা |
| ১৩ | জমিজমা/মামলা সংক্রান্ত | সিদ্ধান্ত- i: তুলা উন্নয়ন বোর্ডের জমিজমা এবং মামলা সংক্রান্ত কার্যক্রম সঠিক সময়ে প্রতিবেদন ও বাস্তবায়ন করতে হবে এবং অনলাইন সিস্টেমে সফটওয়ারে হালনাগাদ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মো: আবু তালেব চৌধুরী, আঁশ প্রযুক্তিবিদ ও রাজশাহী জোন |
| | | সিদ্ধান্ত- ii: কোনো স্থানে বাউন্ডারির সমস্য থাকলে তা দ্রুত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এবং এ বিষয়ে পরবর্তীতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| ১৪ | বিবিধ | সিদ্ধান্ত-i: তুলা ভবনের প্রতিটি কার্যালয় এর আলাদা বিদ্যুতের মিটার স্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কার্যালয় এবং কৃষিবিদ ড. মো: গাজী গোলাম মর্তুজা, মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ |

সভায় আর কোন বিষয় আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্ত ঘোষণা করেন।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট -ক

(২) মার্চ মাসের ই-ফাইল ও ওয়েবসাইট এর তথ্য

১২-০৫-২০২৫
ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
১২ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.০৭.০০০০.০০০.১০৩.০১.০০১৩.১৯.১০৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল শাখা, তুলা উন্নয়ন বোর্ড (সদর দপ্তর)।।

২। উপ-পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয় (সকল)।

৩। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)।

৪। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয় (সকল )।

১২-০৫-২০২৫
মোঃ মাহমুদুল হাসান
সিনিয়র সীড প্রোডাকশন অফিসার